

সাউথ এশিয়ান এবং আনডকুমেন্টেড ?

সাউথ এশিয়ান আনডকুমেন্টেড তরুণ/তরুণীদের জন্য DACA নির্দেশিকা

এই দেশে বসবাসকারী 110 লক্ষ আনডকুমেন্টেড মানুষের মধ্যে আছেন বাংলাদেশ, ভারত, নেপাল, পাকিস্তান এবং শ্রীলঙ্কার সাউথ এশিয়ান (দক্ষিণ এশীয়) মানুষ।

তাদের অনেকেই হলেন শিক্ষার্থী যারা কলেজে যেতে চান, বন্ধু এবং পরিবারের সাথে সময় কাটাতে চান, এবং তাদের পেশাদারী কাছে নিযুক্ত থাকতে চান। সত্যিকার অর্থে শুধুমাত্র 2011 সালেই প্রায় 240,000 জন আনডকুমেন্টেড ভারতীয় ছিল, যে কারণে যুক্তরাষ্ট্রে সর্বোচ্চ সংখ্যক আনডকুমেন্টেড মানুষের তালিকায় তাদের মূল দেশের পরিচয়ের ভিত্তিতে ভারত-এর স্থান হয়েছে সপ্তম। আপনি যদি আনডকুমেন্টেড এবং সাউথ এশিয়ান হন, তাহলে আপনি হয়তো ডেফারড একশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস নীতির আওতায় সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে পারেন। এ সম্পর্কিত আরো বিস্তারিত তথ্য রয়েছে নিম্নে। পড়ুন এবং পরিবার ও বন্ধুদেরকে এই তথ্যগুলো জানান।

DACA

কি ?

ডেফারড একশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস হল একটি নীতিমূলক নির্দেশনা যার কতগুলো শর্ত পূরণ হলে আনডকুমেন্টেড তরুণ / তরুণীরা একটি নির্দিষ্ট সময়ের জন্য এই দেশ থেকে নির্বাসিত হওয়া থেকে মুক্তি পায় (“ডেফারড একশন” নামে পরিচিত)।

এটি দুই বছরের নবায়নযোগ্য সময়কালের জন্য পাওয়া যাচ্ছে এবং আপনি চাকুরির অনুমোদনের জন্য আবেদন করতে পারেন।

তবে এর অর্থ এই নয় যে, আপনি এর মাধ্যমে গ্রীণকার্ড বা নাগরিকত্ব পেতে পারেন।

আমি কি এর জন্য যোগ্য ?

হ্যাঁ, এটি আপনার জন্য প্রযোজ্য যদি নিম্নোক্ত শর্তাবলী আপনার সাথে মিলে যায় :

- আপনি কি আপনার 16তম জন্মদিনের আগে ইউ.এস-এ এসেছিলেন ?
- আপনার বয়স কি 15ই জুন, 2012-তে 31 বছরের কম ছিল ?
- আপনি কি 15ই জুন, 2007 থেকে একনাগাড়ে ইউ.এস-এ বাস করছেন, 15ই জুন, 2012-এ ইউ.এস-এ বাস করছিলেন এবং আবেদন করার সময় ইউ.এস-এ বাস করছেন ?
- আপনি কি 15ই জুন, 2012-এর আগে পরীক্ষণ ছাড়াই ইউ.এস-এ প্রবেশ করেছিলেন বা আপনার আইন সঙ্গত অভিবাসনের মেয়াদ কি 15ই জুন, 2012 তারিখে বা তার পূর্বেই শেষ হয়ে গিয়েছিল ?
- আপনি কি বর্তমানে কোন স্কুলে তালিকাভুক্ত আছেন : আপনি কি অ্যাসোসিয়েট বা ব্যাচেলর ডিগ্রি নিয়ে গ্র্যাজুয়েট হয়েছেন; GED পেয়েছেন; অথবা ইউনাইটেড স্টেটস-এর কোস্ট গার্ড বা আর্মড ফোর্স থেকে সম্মানের সাথে অব্যাহতি পেয়েছেন ?
- আপনি কোন গুরুতর অপরাধে বা অসদাচারণের জন্য দোষী হন নাই, তিনটি বা তারচেয়ে বেশি অসদাচারণের জন্য দোষী হননি, অথবা জাতীয় সুরক্ষা বা জন নিরাপত্তার ক্ষেত্রে ভয়ের কারণ হননি তো ?

DACA

আমার কি উপকারে আসতে পারে ?

এটি আপনাকে দুই বছরের জন্য সাময়িকভাবে নির্বাসিত হওয়া থেকে রেহাই দেয় এবং বাতিল হয়ে না গেলে প্রতি দুই বছর অন্তর নবায়ন করা যায়

দুই বছরের জন্য আপনি ওয়ার্ক পারমিট পেতে পারেন

আপনি বেআইনী কাজকর্ম বাড়ানো বন্ধ করতে পারেন

DACA-এর জন্য আমি কিভাবে আবেদন করব ?

1 আবেদন করার আগে আইনী পরামর্শ নিন!

2

USCIS-এর I-821D, I-765 অথবা I-765WS ফর্মটি পূরণ করুন এবং এটি পাওয়ার যোগ্যতা পূরণে সহায়ক কাগজ-পত্রগুলো জমা দিন, সাথে ওয়ার্ক পারমিট ও ফিন্সার প্রিন্ট এর জন্য প্রয়োজনীয় 465 ডলার ফি জমা দিন।

আপনার আবেদনপত্র কোথায় এবং কিভাবে জমা দিবেন সে সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য www.uscis.gov/childhoodarrivals দেখুন।

DACA - সম্পর্কে আমি কোথায় আরো সহায়তা পেতে পারি ?

আরো সহায়তা এবং সংবাদ সংগ্রহের জন্য, অনুগ্রহ করে নিম্নলিখিত সংস্থাগুলিতে যান বা যোগাযোগ করুন :

- এশিয়ান আমেরিকান সেন্টার ফর অ্যাডভান্সিং জাস্টিস advancingjustice.org
- এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফাউন্ডেশন aaldef.org
- আমেরিকান ইমিগ্রেশন ল'ইয়ার্স অ্যাসোসিয়েশন aila.org
- এশিয়ান প্যাসিফিক আমেরিকান লিগাল সেন্টার apalc.org
- এশিয়ান স্টুডেন্টস প্রোমোটিং ইমিগ্র্যান্ট রাইটস থ্রু এডুকেশন aspiredreamers.org
- ন্যাশানাল কোরিয়ান আমেরিকান সার্ভিস অ্যান্ড এডুকেশন nakasec.org
- ওন দ্য ড্রিম weownthedream.org
- সাউথ এশিয়ান আমেরিকানস লিডিং টুগেদার saalt.org
- ইউনাইটেড উই ড্রিম unitedwedream.org

saalt
SOUTH ASIAN AMERICANS LEADING TOGETHER